

নির্বাচনি পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন - ২

দ্বাদশ শ্রেণি

বিষয় কোড: ২৭৮

বিষয়: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র (সূজনশীল)

সময়: ৪৫ মিনিট

পূর্ণমান: ২০

১। ডায়মন্ড লি. এর সহকারি ক্রয় ব্যবস্থাপক পদে লোক নিয়োগের জন্য ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রদান করা হয়। এতে বিপুল সংখ্যক প্রার্থী আবেদন করে। প্রতিষ্ঠানটি যোগ্য প্রার্থী বাছাই করে নিয়োগ দেয়। তবে তাদের অধিকাংশ হলো নবীন। তাদের কাজ সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা না থাকায় কর্মক্ষেত্রে তারা বিভিন্ন অসুবিধার সম্মুখীন হচ্ছেন। প্রতিষ্ঠানটি এ সমস্যা উভোরণের জন্য নির্বাচিত কর্মীদেরকে প্রতিষ্ঠানের অভ্যন্তরে বিশেষজ্ঞ কর্মীর অধীনে ৬ মাসের প্রশিক্ষণ শেষে স্থায়ীভাবে নিয়োগ দেন। ফলে কর্মীদের দক্ষতা বৃদ্ধি পায় এবং প্রতিষ্ঠানটি সফলতা লাভ করে।

(ক) Dry Promotion কী?

১

(খ) মানব সম্পদ ব্যবস্থাপনা বলতে কী বুঝা?

২

(গ) ডায়মন্ড লি. এ কোন ধরনের উৎস হতে কর্মী সংগ্রহের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর।

৩

(ঘ) ডায়মন্ড লি. কোম্পানিতে কর্মীদের প্রশিক্ষণের জন্য যে পদ্ধতি ব্যবহার করা হয়েছে তার যৌক্তিকতা ব্যাখ্যা কর।

৪

২। জনাব আকাশ প্রতিষ্ঠানের সকল ক্ষমতা নিজের কাছে কেন্দ্রীভূত করে এককভাবে সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। অধীনস্থদের মতামতকে কোনো গুরুত্ব দেননা এবং ভয়-ভীতি প্রদর্শনের মাধ্যমে অধীনস্থদের কাজ করিয়ে প্রতিষ্ঠানের লক্ষ্য ঠিকই অর্জন করেন। জনাব আকাশের ভবিষ্যত উপলক্ষ্মি ও অনুমান করার সামর্থ্য প্রবল হওয়ায় সময় উপযোগী সঠিক সিদ্ধান্ত গ্রহণে সক্ষম হন। ফলে উল্লিখিত সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও তিনি অনেক ক্ষেত্রে যোগ্য ও সফল ব্যবস্থাপক হিসেবে বিবেচিত।

(ক) নেতৃত্ব কাকে বলে?

১

(খ) একজন নেতৃত্ব কুঁকি গ্রহণ ক্ষমতা বলতে কি বুঝায়?

২

(গ) জনাব আকাশ এর মধ্যে আদর্শ ব্যবস্থাপকের কোন গুণটি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর।

৩

(ঘ) জনাব আকাশের নেতৃত্বের গ্রহণযোগ্যতা বিশ্লেষণ কর।

৪